ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-১১৫৩

আগরতলা, ৮ সেপ্টেম্বর,২০২৪

## ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের ১৩তম সমাবর্তন অনুষ্ঠানে রাজ্যপাল
## আমাদের দেশের ভবিষ্যৎ নির্ভর করছে আজকের ছাত্রছাত্রীদের উপর






ছাত্রছাত্রীদের উদ্দেশ্য শুধু ডিগ্রী আর সার্টিফিকেট অর্জন করলেই চলবে না। উদ্ভাবনী শক্তি দিয়ে সমস্যা সমাধানই ছাত্রছাত্রীদের লক্ষ্য হওয়া উচিত। কেননা আমাদের দেশের ভবিষ্যৎ নির্ভর করছে আজকের ছাত্রছাত্রীদের উপর। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ সকালে মাহারাজা বীর বিক্রম শতবার্ষিকী ভবনে ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের ১৩তম সমাবর্তন অনুষ্ঠানে একথা বলেন। অনুষ্ঠানে রাজ্যপাল ডিগ্রী ও মেডেল প্রাপ্ত ছাত্রছাত্রীদের তাদের জ্ঞানের দ্বারা সমাজে ইতিবাচক প্রভাব ফেলে দেশের উন্নয়নে এগিয়ে আসার আহ্বান জানান। সমাবর্তন অনুষ্ঠানে রাজ্যপাল বিশ্ববিদ্যালয়ের ফ্যাকাল্টিদের উদ্দেশ্যেও আজকের দিনের চাহিদা অনুযায়ী কোর্স পরিচালনা করার কথা বলেন যাতে ছাত্রছাত্রীদের প্রতিযোগিতামূলক বিশ্ব বাজারে কর্মসংস্থানের সুযোগ হয়। তিনি শিক্ষাঙ্গণে প্রযুক্তি ব্যবহার করে আধুনিক সুযোগ সুবিধা সৃষ্টির উপরও গুরুত্ব আরোপ করেন যাতে উদ্ভাবন, গবেষণা ও উদ্যোগী হওয়ার পরিবেশ তৈরী হয় এবং ছাত্রছাত্রীরা পরিবর্তনশীল দুনিয়ায় নিজেদের প্রতিষ্ঠিত করতে পারে।

সমাবর্তন অনুষ্ঠানে রাজ্যপাল বলেন, এজন্য আমাদের উন্নত গবেষণা কেন্দ্র ও ইনকিউবেটর তৈরী করতে হবে। অভিজ্ঞতামূলক শিক্ষার সুযোগ করে দিতে হবে সংশ্লিষ্ট ক্ষেত্রের সংস্থাদের সাথে হাত মিলিয়ে। দক্ষতা উন্নয়নের প্রশিক্ষণ, ডিজিট্যাল পরিকাঠামো ও অনলাইন প্ল্যাটফর্মে শিক্ষার বিকাশ ঘটানোর উপরও রাজ্যপাল গুরুত্ব আরোপ করেন। তাছাড়াও রাজ্যপাল ছাত্রছাত্রী এবং অধ্যাপকদের ত্রিপুরার প্রাকৃতিক সম্পদভিত্তিক গবেষণার প্রতি মনোযোগী হতেও পরামর্শ দেন।

সমাবর্তন অনুষ্ঠানে রাজ্যপাল স্নাতকোত্তর স্তরের ছাত্রছাত্রীদের হাতে মেডেল ও সার্টিফিকেট তুলে দেন। স্নাতক স্তরের ছাত্রছাত্রীদের হাতে মেডেল তুলে দেন ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের আচার্য আহমেদ জাভেদ এবং পি এইচ ডি স্কলারদের হাতে সার্টিফিকেট তুলে দেন ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক গঙ্গাপ্রসাদ প্রসাইন। আচার্য আহমেদ জাভেদ তাঁর ভাষণে ছাত্রছাত্রীদের উদ্ভাবনী শক্তি দিয়ে সমস্যার সমাধান খুঁজে বের করতে আহ্বান জানান। স্বাগত ভাষণ এবং বার্ষিক প্রতিবেদন পেশ করেন ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক গঙ্গাপ্রসাদ প্রসেইন। ধন্যবাদ জ্ঞাপন করেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দীপক শর্মা।

*******